

ডেঙ্গুর অবস্থা – সাধারণ এর প্রতি আবেদন

কোলকাতা শহরে ডেঙ্গুর ভয়াবহতা প্রতিরোধে কোলকাতা পৌরসংস্থা নানাবিধ পন্থা গ্রহন করেছে।

রোগাক্রান্ত মানুষের চিকিৎসা

- শহরের বিভিন্ন প্রান্তে ১৩৫ টি ম্যালেরিয়া ক্লিনিকে বিনামূল্যে রক্তের প্লেটলেট গণনার ব্যবস্থা করা হয়েছে।
- ডেঙ্গুর ভয়াবহতা নিয়ন্ত্রনে শহরের বিভিন্ন প্রান্তে ১২ টি বিশেষ স্বাস্থ্য কেন্দ্র স্থাপন করা হয়েছে।
- শহরের ১৩৫ টি ম্যালেরিয়া ক্লিনিকের সঙ্গে সংযোগের মাধ্যমে ৫ টি ডেঙ্গু নির্নায়ক কেন্দ্র থেকে বিনামূল্যে রোগের নমুনা সংগ্রহ কেন্দ্র স্থাপন করা হয়েছে।
- ম্যালেরিয়া ক্লিনিক এবং ওয়ার্ড স্বাস্থ্য কেন্দ্রগুলি সকাল ৮ টা থেকে বিকেল ৫ টা পর্যন্ত খলা রাখা হচ্ছে।
- পর্যাপ্ত ও আর এস প্যাকেট ক্লিনিক ও স্বাস্থ্যকেন্দ্রগুলিতে সহজলভ্য রাখা হয়েছে।

ভেক্টর নিয়ন্ত্রণ

- যৌথ উদ্যোগে নির্মীয়মান ক্ষেত্র ,বাজার,হাসপাতাল,বিদ্যালয়,মহাবিদ্যালয় এবং পুলিশ থানা এলাকায় জমা জল অথবা জমা জঞ্জাল দ্রুত অপসারণের ব্যবস্থা নিতে হবে।
- খাল এবং অন্যান্য জল ক্ষেত্রগুলি ও সতর্কতার সঙ্গে প্রতিনিয়ত পরিষ্কার করতে হবে।
- অতন্ত্র স্বেচ্ছাসেবকগন ডেঙ্গু নির্ণয় ও জমা জলের বিপদ সম্পর্কে অবহিত করতে নাগরিক দের দরজায় দরজায় পৌঁছে যাচ্ছেন।
- ডেঙ্গু-প্রবণ এলাকায় ‘পাইরেথিয়াস স্প্রে ‘ করা হচ্ছে।

রোগ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি

- নাগরিকদের দ্বারে দ্বারে রোগের ভয়াবহতা সম্পর্কে সচেতন করতে বিদ্যালয়ে , স্বাস্থ্য কেন্দ্রে ,এন জি ও ,সামাজিক সংগঠন , স্থানীয় পৌর প্রতিনিধি এবং তাদের সহযোগীদের মাধ্যমে বিভিন্ন ভাষায় (বাংলা,হিন্দি,উর্দু, এবং ইংরেজি) লিফলেট বিলি করা হচ্ছে।
- প্রতিটি বরো এলাকার সঙ্গে কোলকাতা পৌরসংস্থার বাস প্রতীক্ষালয়ে রোগ সম্পর্কে জন সচেতনতা বৃদ্ধির প্রয়াসে হোর্ডিং ও ট্যাবলয়েট এর ব্যবহারে জর দেওয়া হচ্ছে।

- ১০ টি টিভি চ্যানেল (৩০ সেকেন্ড বিজ্ঞাপন) এবং ৯ টি এফ এম রেডিও চ্যানেলের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধির প্রচার চালান হচ্ছে ।
- রোগ সচেতনতা বৃদ্ধির উদ্যোগে অটো রিকশাকে ব্যবহার করা হচ্ছে ।সপ্তাহে ২ বার ৫ হাজার অটোর পেছনে প্রচারপত্র লাগিয়ে মাইকের সাহায্যে প্রচার করা হচ্ছে ।

শহরবাসীর কাছে আবেদন

- জ্বর হলে দয়া করে আপনার নিকটবর্তী পোর ম্যালেরিয়া ক্লিনিক ,বিশেষ স্বাস্থ্য কেন্দ্র বা ডেঙ্গু রোগ নির্ণয়কেন্দ্রে বিনামূল্যে রক্ত পরীক্ষা এবং প্লেটলেট গণনা করান আর চিকিৎসকের পরামর্শ নিন ।
- নিয়মিত মশারি ব্যবহার করুন ।
- বাসস্থানের পার্শ্ববর্তী এলাকায় যে কোনো প্রকার জল জমা লক্ষ্য রাখুন এবং প্রয়োজনে আপনার ওয়ার্ড বা স্বাস্থ্যকেন্দ্রে খবর দিন ।
- আপনার রেফ্রিজারেটার এবং শীততাপ নিয়ন্ত্রিত যন্ত্র ,যেখানে বাইরে থেকে জমা জল দেখা যায় না, সেখানে নিয়মিত নিরীক্ষা করুন ।
- ডেঙ্গু রোগ প্রতিরোধে স্বাস্থ্যকর্মীদের সম্ভাব্য সকল ক্ষেত্রে আপনার সক্রিয় সহযোগিতার হাত বাড়িয়ে দিন ।